

প্রেস বিজ্ঞপ্তি

নং-২০২০/৩/১৭-১

অসহায়, দরিদ্র ও দুস্থদের মাছ বিতরণ ও দুধ খাওয়ানো কর্মসূচি মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ব্যতিক্রমধর্মী মুজিববর্ষ উদযাপন

ঢাকা, ১৭ মার্চ ২০২০ (মঙ্গলবার)

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকীতে অসহায়, দরিদ্র ও দুস্থদের মাছ বিতরণ ও দুধ খাওয়ানোর মাধ্যমে ব্যতিক্রমভাবে ‘মুজিববর্ষ’ উদযাপন শুরু করেছে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।

মঙ্গলবার (১৭ মার্চ) মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী শ ম রেজাউল করিম এমপি’র নির্দেশনায় মন্ত্রণালয় এবং এর আওতাধীন মৎস্য অধিদপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর ও বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশনের উদ্যোগে রাজধানীতে এসকল কর্মসূচি পালন করা হয়।

এর মধ্যে মঙ্গলবার সকালে মৎস্য অধিদপ্তরের উদ্যোগে রাজধানীর টিটিপাড়ায় দরিদ্র বস্তিবাসীদের মাঝে ও পূর্ব বাসাবোতে এতিমখানায় বিনামূল্যে ইলিশ মাছ বিতরণ করা হয়। একইদিন বাংলাদেশ ডেইরী ফার্মারস অ্যাসোসিয়েশনের সহযোগিতায় প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক রাজধানীর আজিমপুরে স্যার সলিমুল্লাহ এতিমখানায় ২৬০ জন এতিম ছাত্র-ছাত্রীদের ২০০ লিটার দুধ খাওয়ানো হয় এবং তাদের উন্নত মানের খাবার পরিবেশন করা হয়। এর পূর্বে প্রাণিসম্পদ অধিদপ্তরের উদ্যোগে খামার বাড়িস্থ বঙ্গবন্ধু চত্বরে রিকশা চালকদের মাঝে মুজিববর্ষের লোগো সম্বলিত ৫০০টি টি-শার্ট বিতরণ করা হয়। এছাড়া বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশনের উদ্যোগে ঢাকার বিভিন্ন এতিমখানায় বিনামূল্যে ৪০০ কেজি মাছ বিতরণ করা হয়।

এর আগে ১৭ মার্চ সকালে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী শ ম রেজাউল করিম এমপি মন্ত্রণালয়ের কর্মকর্তাদের সাথে নিয়ে ধানমন্ডির ৩২ নম্বরের বঙ্গবন্ধু ভবনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধার্ঘ্য অর্পণ করেন। এসময় মন্ত্রণালয়ের সচিব রওনক মাহমুদ, অতিরিক্ত সচিব কাজী ওয়াছি উদ্দিন ও শ্যামল চন্দ্র কর্মকার, মৎস্য অধিদপ্তরের মহাপরিচালক কাজী শামস আফরোজ, প্রাণিসম্পদ অধিদপ্তরের মহাপরিচালক ডাঃ আবদুল জব্বার শিকদারসহ মন্ত্রণালয়ের অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

এসময় সাংবাদিকদের এক প্রশ্নের উত্তরে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী বলেন, “বঙ্গবন্ধু শুধু স্বাধীন বাংলাদেশের স্থপতিই নয়, বরং সারা বিশ্বের নিপীড়িত ও নির্যাতিত মানুষের মুক্তির কণ্ঠস্বর। তাঁর স্বপ্ন বাস্তবায়নে নিরন্তর কাজ করে যাচ্ছে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়। বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকীতে বছরব্যাপী কর্মসূচি গ্রহণ করেছে এ মন্ত্রণালয় ও এর অধীন বিভিন্ন দপ্তর-সংস্থা। এর মধ্যে অসহায়, দরিদ্র ও দুস্থদের মাছ বিতরণ ও দুধ খাওয়ানো অন্যতম।”

এছাড়াও মৎস্য অধিদপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর ও বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন কর্মকর্তা-কর্মচারীগণের অংশগ্রহণে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, কেব কাটা, সীমিত পরিসরে আলোচনা ও দোয়া মাহফিল আয়োজন এবং দপ্তরসমূহ বর্ণিল সাজ-সজ্জার মাধ্যমে মুজিববর্ষ উদযাপনে আলাদা আলাদা কর্মসূচি পালন করছে। একইভাবে ঢাকার বাইরে অবস্থিত মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়স্বতন্ত্র দপ্তর-সংস্থাসমূহ এদিন অনুরূপ কর্মসূচির মাধ্যমে মুজিববর্ষ উদযাপন শুরু করেছে।

মোঃ ইফতেখার হোসেন
জনসংযোগ কর্মকর্তা
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
মোবাইলঃ ০১৭৭৫২২৫৬৯০

